## বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলী'র কার্যালয়
পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়।

বিষয়ঃ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২৪) "নৈতিকতা কমিটি'র" সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| তারিখ | : ০১ জানুয়ারী,২০২৫ |
| সময় | : বেলা ১০:৩০ ঘটিকা |
| স্থান | : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় অফিস কক্ষ। |
| সভাপতি | : জনাব মোঃ ফরিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড়। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' হিসেবে এসাথে সংযুক্ত করা হলো।

সভার শুরুতে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোঃ ফরিদুল ইসলাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কায়ক্রম শুরু করেন। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২৪) "নৈতিকতা কমিটি'র" অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। নৈতিকতা কমিটির সদস্য জনাব আবু মোঃ আব্দুল্লাহ হোসেন, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, সদস্য সচিব জনাব মোঃ মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর, ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং প্রতিবেদন চুড়ান্তকরণের বিষয়ে সভায় একমত পোষন করেন।

শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যাতে নির্ধারিত সময়ের মধ্যে অর্জিত হয় সে বিষয়ে সভাপতি সকলের সহযোগীতা কামনা করেন। সকল সদস্য এ বিষয়ে সচেষ্ট থাকবেন বলে সভায় মতামত ব্যক্ত করেন। সভাপতি আরো জানান যে, ২০২৪-২৫ কর্ম-পরিকল্পনার সূচক বাস্তবায়নের জন্য যে সকল কর্মকর্ত/কর্মচারী-কে দায়িত্ব দেয়া হয়েছে তাঁদেরকে পত্র দ্বারা অবহিত করার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে অনুরোধ জানান। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান যে, প্রতিবেদন চুড়ান্ত/স্বাক্ষর হওয়ার পর তা কৃষি মন্ত্রণালয়ে প্রেরনসহ কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নেয়া যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্দান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

১। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, পঞ্চগড় রিজিয়ন, পঞ্চগড় এর ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২৪) প্রতিবেদন চুড়ান্ত করা হলো। প্রতিবেদনটি কৃষি মন্ত্রণালয়ে প্রেরনসহ কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

২। ২০২৪-২৫ বার্ষিক কর্ম-পরিকল্পনা ৩য় কোয়ার্টারের (জানুয়ারী-মার্চ/২০২৪) লক্ষ্যমাত্রা যাতে নির্ধারিত সময়ের মধ্যে অর্জিত হয় সে জন্য কর্ম-পরিকল্পনার সূচক অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

01/01/25

(প্রকৌঃ মোঃ ফরিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি, শুদ্ধাচার নৈতিকতা কমিটি।